

ওমরার ক্ষেত্রে বিমানের টিকিট সিঙ্কিট ভেঙে দেওয়া হয়েছে: ধর্ম উপদেষ্টা

- A Monitor Desk Report

Date: 22 March, 2025



কক্সবাজার: ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন বলেছেন, ওমরার ক্ষেত্রে বিমানের টিকিট সিঙ্কিট ভেঙে দেওয়া হয়েছে। সিঙ্কিটের মাধ্যমে গ্রুপ টিকিট বুকিং দিয়ে অতিরিক্ত দামে বিক্রির সুযোগ বন্ধ হয়েছে।

শুক্রবার (২১ মার্চ) কক্সবাজারে জেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

ধর্ম উপদেষ্টা বলেন, এখন সংশ্লিষ্ট যাত্রীর পাসপোর্ট নম্বর দিয়ে টিকিট বুকিং করতে হবে। তিন দিনের মধ্যে এই টিকিট ইস্যু না করলে স্বয়ংক্রিয়ভাবে বুকিং বাতিল হয়ে যাবে। গ্রুপ টিকিট বুকিং করে দ্বিগুণ, তিনগুণ দাম বাড়িয়ে দিবেন, এটা আর হবে না। এ জন্য একটি নীতিমালাও তৈরি করা হয়েছে।

ড. খালিদ বলেন, কক্সবাজারে সুদূর অতীত থেকেই সম্প্রীতির একটা আবহ বিরাজ করে আসছে। এখানে সাম্প্রদায়িক কোনও নৈরাজ্য, কোনও ভুল বোঝাবুঝি নেই। এ মসজিদের মাধ্যমে ভ্রাতৃত্বের এই পয়গাম কক্সবাজারের ছড়িয়ে পড়বে।

এ মডেল মসজিদে একসঙ্গে ১ হাজার ১০০ জন পুরুষ নামাজ আদায় করতে পারবে। এখানে মহিলা ও শারীরিক কিংবা দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য আলাদা ওজুখানা ও নামাজ পড়ার ব্যবস্থা রয়েছে। এছাড়াও গাড়ি পার্কিং, মৃত ব্যক্তির গোসলের ব্যবস্থা, কনফারেন্স রুম, অডিটোরিয়াম, কোরআন শিক্ষা ব্যবস্থা, ইসলামিক ফাউন্ডেশনের অফিস, পাঠাগার, ইমাম প্রশিক্ষণসহ বিভিন্ন আঞ্জিকে এই মডেল মসজিদটি সাজানো হয়েছে।

জেলা প্রশাসক মোহাম্মদ সালাহউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে মডেল মসজিদ প্রকল্পের প্রকল্প পরিচালক শহীদুল আলমসহ সরকারি ও বেসরকারি দফতরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, সারা দেশে সাড়ে ৯ হাজার কোটি টাকা ব্যয়ে ৫৬৪টি মডেল মসজিদ নির্মাণ প্রকল্প শুরু করেছিল আওয়ামী লীগ সরকার। ইতোমধ্যে সাড়ে তিনশ' মসজিদের নির্মাণকাজ শেষ হয়েছে।

-B